DEC. 0 4 1999

DEC. 0 4 1999

দৈনিক ইত্তেফাক

১৩

তারিখ ... DEC. 0 4 1999 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ......

# ৫ম শ্রেণীতেও নকল॥ শিক্ষানুরাগীরা হতবাক

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা ॥ মধুপর থানার সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের সমাপনী পরীক্ষায় গত সোমবার ব্যাপক গণ-টুকাটুকি হয়। কোমলমতি শিশুদের এভাবে নকল করিয়া পরীক্ষা দিতে দেখিয়া শিক্ষানুরাগীরা হতবাক হইয়াছেন। জানা যায়, মধুপুর থানা শিক্ষা

( ১১শ পৃঃ দ্রঃ)

## ৫ম শ্রেণীতে নকল

( ৩য় পৃঃ পর )

কমিটির সিদ্ধান্তানুযায়ী মেধা যাচাইয়ের উদ্দেশ্যে প্রতি বছর সকল বিদ্যালয়ের ঐ শ্রেণীর সকল ছাত্র-ছাত্রীর সমাপনী পরীক্ষা এক সময়ে হয়। এবার ২৪টি থেকে প্রায় ৬ সহস্রাধিক পরীক্ষার্থী অংশ নেয়। নকল দেওয়ার কাজে শিক্ষক, অভিভাবক আত্মীয়-স্বজন মিলিয়া-মিশিয়া অংশ নেয়। অনেক শিশুকে কিভাবে নকল করিতে হয় আকার-ইঙ্গিতে তাহা বুঝাইয়া দেওয়া হয়। নকল সরবরাহ নিয়া নবগায় বাসুদেববাড়ী কেন্দ্রে জনৈক শাহজাহান (১৭) মাস্তানের ক্ষুরের আঘাতে মারাত্মক আহত হয়। মুমূর্ষু অবস্থায় তাহাকে ময়মনসিংহ মেডিকেল হাসপাতালে ভর্তি করা হইয়াছে। জনতা একজন মাস্তানকে পাকড়াও করিয়া গণপিটুনি এবং পুলিশে সোপর্দ করে। টিএনও ঘটনার সত্যতা স্বীকার করেন।